

এই প্রশ্নপত্রে 48 মুদ্রিত পৃষ্ঠা আছে।

প্রশ্নপত্র সংখ্যা


302323

PAPER—II

Question Booklet Series-Code

পরীক্ষাপত্র—II

প্রশ্নপত্রের সিরিজ-কোড



Do not open this Question Booklet until you are asked to do so.

এই প্রশ্নপত্র যতক্ষণ খুলতে না বলা হবে ততক্ষণ পর্যন্ত খুলবেন না।

Read carefully all the instructions given at the front page and on the back page of this Question Booklet.

এই প্রশ্নপত্রের প্রথম পৃষ্ঠা ও শেষ পৃষ্ঠায় দেওয়া সমস্ত নির্দেশাবলী মনোযোগ সহকারে পড়ুন।

Instructions for Candidates	পরীক্ষার্থীদের জন্য নির্দেশাবলী
<p>1. Use Black Ballpoint Pen only for writing particulars of this Question Booklet and marking responses on the OMR Answer Sheet.</p> <p>2. This test is of 2 hours and 30 minutes duration and consists of 150 MCQ-type questions.</p> <p>3. There is no negative marking for any wrong answer.</p> <p>4. This Question Booklet has Five Parts—I, II, III, IV and V consisting of 150 MCQ-type questions and each question carries 1 mark :</p> <p>Part-I : Child Development and Pedagogy (Q. Nos. 1-30)</p> <p>Part-II : Language—I (English) (Q. Nos. 31-60)</p> <p>Part-III : Language—II (Bengali) (Q. Nos. 61-90)</p> <p>Part-IV : Mathematics and Science (Q. Nos. 91-150)</p> <p>Part-V : Social Studies (Q. Nos. 91-150)</p> <p>5. Candidates have to do Question Nos. 91 to 150 EITHER from Part—IV (Mathematics and Science) OR Part—V (Social Studies).</p> <p>6. Please ensure that Question Booklet Series-Code is correctly written and shaded on the OMR Answer Sheet.</p> <p>7. Rough work should be done only in the space provided in the Question Booklet.</p> <p>8. The answers are to be marked on the OMR Answer Sheet only. Mark your responses carefully since there is no chance of alteration / correction.</p> <p>9. Use of eraser or whitener is strictly prohibited.</p> <p>10. Candidates should note that each question in Parts—I, IV and V is given in bilingual form (English and Bengali). In case of any discrepancy or confusion in the medium/ version, the English Version will be treated as the authentic version.</p>	<p>1. এই প্রশ্নপত্রে লেখার জন্য এবং OMR উত্তরপত্রে উত্তর চিহ্নিত করতে শুধুমাত্র কালো কালির বলপয়েন্ট কলম ব্যবহার করুন।</p> <p>2. এই পরীক্ষার সময় 2 ঘন্টা 30 মিনিট। পরীক্ষায় মোট 150টি MCQ ধরনের প্রশ্ন আছে।</p> <p>3. ভুল উত্তরের জন্য কোনো ঋণাত্মক নম্বর থাকবে না।</p> <p>4. এই প্রশ্নপত্রের পাঁচটি ভাগ যথাক্রমে ভাগ—I, II, III, IV এবং V যেখানে 1 মূল্যাক্ষের 150টি MCQ ধরনের প্রশ্ন আছে :</p> <p>ভাগ-I : শিশু বিকাশ ও শিক্ষণশৈলী (প্রশ্ন সংখ্যা 1-30)</p> <p>ভাগ-II : ভাষা—I (ইংরাজী) (প্রশ্ন সংখ্যা 31-60)</p> <p>ভাগ-III : ভাষা—II (বাংলা) (প্রশ্ন সংখ্যা 61-90)</p> <p>ভাগ-IV : গণিত ও বিজ্ঞান (প্রশ্ন সংখ্যা 91-150)</p> <p>ভাগ-V : সমাজবিদ্যা (প্রশ্ন সংখ্যা 91-150)</p> <p>5. পরীক্ষার্থীকে প্রশ্ন সংখ্যা 91 থেকে 150-এর উত্তর করতে হবে ভাগ—IV (গণিত ও বিজ্ঞান বিভাগ) অথবা ভাগ—V (সমাজবিদ্যা বিভাগ)-এর মধ্য থেকে যে কোনও একটি বিভাগ থেকে।</p> <p>6. OMR উত্তরপত্রে সঠিকভাবে প্রশ্নপত্রের সিরিজ-কোড লিখতে হবে।</p> <p>7. পরীক্ষার্থীকে রাফ ওয়ার্ক করতে হবে শুধুমাত্র প্রশ্নপত্রে নির্দিষ্ট করা স্থানে।</p> <p>8. প্রশ্নের উত্তর শুধুমাত্র OMR উত্তরপত্রে চিহ্নিত করতে হবে। উত্তর চিহ্নিত করার বিষয়ে পরীক্ষার্থীকে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। প্রশ্নের উত্তর একবার চিহ্নিত করা হয়ে গেলে কোনো অবস্থাতেই তাকে পরিবর্তন বা সংশোধন করা যাবে না।</p> <p>9. কালি-মোচনীয় ইরেজার বা সাদা তরল-জাতীয় বস্তুর ব্যবহার সম্পূর্ণরূপে নিষিদ্ধ।</p> <p>10. পরীক্ষার্থীদের মনে রাখতে হবে যে প্রশ্নপত্রের ভাগ—I, IV এবং V-এর প্রশ্নগুলি দ্বি-ভাষিক (ইংরাজী ও বাংলা)। এই ক্ষেত্রে ভাষা-মাধ্যম বা ভাষা-সংস্করণে কোনো ধরনের অসঙ্গতি অথবা বোঝার অসুবিধা উপলব্ধ হলে পরীক্ষার্থীরা ইংরাজী সংস্করণকেই প্রকৃত শুদ্ধ বলে গণ্য করবেন।</p>

Name of the Candidate (in Capitals) : _____

পরীক্ষার্থীর নাম (বড় অক্ষরে)

Roll No. : _____

রোল নং :

OMR Answer Sheet No. : _____

OMR উত্তরপত্রের নম্বর

Full Signature of the Candidate with date

পরীক্ষার্থীর সম্পূর্ণ স্বাক্ষর তারিখসহ

Signature of the Invigilator with date

নিরীক্ষকের স্বাক্ষর তারিখসহ

PART—I / ভাগ—I

CHILD DEVELOPMENT AND PEDAGOGY / শিশু বিকাশ ও শিক্ষণশৈলী

Directions : Answer the following questions by selecting the *correct option*.

1. Developmental changes occur because of the
(A) genetic factors
(B) environmental factors
(C) interaction between genetic and environmental factors
(D) None of the above
2. Sensory-motor period indicates the first
(A) two years of life
(B) four years of life
(C) six years of life
(D) None of the above
3. Piaget's view of development was greatly influenced by his early training in
(A) Psychology
(B) Biology
(C) Sociology
(D) None of the above
4. Vygotsky was a Russian
(A) historian
(B) physiologist
(C) psychologist
(D) None of the above

নির্দেশিকা : সঠিক উত্তর নির্বাচন করে নিচের প্রশ্নগুলির উত্তর দাও।

1. বিকাশমূলক পরিবর্তনগুলি হয় _____ জন্য।
(A) বংশগত উপাদানের
(B) পরিবেশগত উপাদানের
(C) বংশগত এবং পরিবেশগত উপাদানের পারস্পরিক ক্রিয়ার
(D) উপরের কোনটিই নয়
2. সংবেদন ও সঞ্চালনমূলক স্তর নির্দেশ করে
(A) জীবনের প্রথম দুই বছর
(B) জীবনের প্রথম চার বছর
(C) জীবনের প্রথম ছয় বছর
(D) উপরের কোনটিই নয়
3. পিয়াজেঁর বিকাশের দৃষ্টিভঙ্গি তাঁর _____ প্রাথমিক প্রশিক্ষণ দ্বারা বিশেষভাবে প্রভাবিত হয়েছিল।
(A) মনোবিদ্যার
(B) জীববিদ্যার
(C) সমাজবিদ্যার
(D) উপরের কোনটিই নয়
4. ভাইগটস্কি ছিলেন একজন রাশিয়ান
(A) ঐতিহাসিক
(B) শারীরবিজ্ঞানী
(C) মনোবিজ্ঞানী
(D) উপরের কোনটিই নয়

5. According to Kohlberg during the _____ a child's sense of morality is externally controlled.

- (A) conventional stage
- (B) pre-conventional stage
- (C) post-conventional stage
- (D) None of the above

6. According to Sternberg, intelligence is

- (A) made up of five different independent intelligences
- (B) a single general ability
- (C) a single, specific ability which cannot be measured by traditional intelligence test
- (D) None of the above

7. The IQ range of educable mentally retarded would be

- (A) 1 to 20
- (B) 20 to 50
- (C) 50 to 70
- (D) None of the above

8. _____ is a higher level mental process which is systematised and goal-directed.

- (A) Thinking
- (B) Memory
- (C) Reasoning
- (D) None of the above

5. কোহলবার্গের মতানুসারে একটি শিশুর নৈতিকতার ধারণা _____ বাহ্যিক ভাবে নিয়ন্ত্রিত হয়।

- (A) সংস্কার প্রভাবিত পর্যায়ে
- (B) প্রাক-সংস্কার পর্যায়ে
- (C) সংস্কার-মুক্ত পর্যায়ে
- (D) উপরের কোনটিই নয়

6. স্টার্নবার্গের মতানুসারে বুদ্ধি

- (A) গঠিত হয় পাঁচটি পৃথক স্বাধীন বুদ্ধি দিয়ে
- (B) একটি একক সাধারণ ক্ষমতা
- (C) একটি একক বিশেষ ক্ষমতা যা ঐতিহ্যগত বুদ্ধি অভীক্ষা দ্বারা পরিমাপ করা যায় না
- (D) উপরের কোনটিই নয়

7. শিখনযোগ্য মানসিক প্রতিবন্ধীদের বুদ্ধ্যঙ্কের পরিসর হবে

- (A) ১ থেকে ২০
- (B) ২০ থেকে ৫০
- (C) ৫০ থেকে ৭০
- (D) উপরের কোনটিই নয়

8. _____ হল একটি উচ্চস্তরের মানসিক প্রক্রিয়া যা সুসংবদ্ধ এবং লক্ষ্যভিমুখী।

- (A) চিন্তন
- (B) স্মৃতি
- (C) বিচারকরণ
- (D) উপরের কোনটিই নয়

9. Emotion is originated through

- (A) habit
- (B) instinct
- (C) physical development
- (D) None of the above

10. Creativity depends upon

- (A) originality
- (B) personality
- (C) learning capacity
- (D) None of the above

11. When no language is used in an intelligence test it is called a

- (A) performance test
- (B) non-performance test
- (C) verbal test
- (D) None of the above

12. The concept of mental age was first given by

- (A) Stern
- (B) Galton
- (C) Freud
- (D) None of them

9. প্রকোভ উৎপন্ন হয় _____ মধ্য দিয়ে।

- (A) অভ্যাসের
- (B) প্রবৃত্তির
- (C) শারীরিক বিকাশের
- (D) উপরের কোনটিই নয়

10. সৃজনশীলতা নির্ভর করে _____ উপর।

- (A) মৌলিকত্বের
- (B) ব্যক্তিত্বের
- (C) শিখন ক্ষমতার
- (D) উপরের কোনটিই নয়

11. যখন একটি বুদ্ধি অভীক্ষায় কোন ভাষা ব্যবহৃত হয় না তখন তাকে বলা হয়

- (A) সম্পাদনী অভীক্ষা
- (B) অসম্পাদনী অভীক্ষা
- (C) ভাষাভিত্তিক অভীক্ষা
- (D) উপরের কোনটিই নয়

12. মানসিক বয়সের ধারণাটি সর্বপ্রথম দিয়েছেন

- (A) স্টার্ন
- (B) গ্যাল্টন
- (C) ফ্রয়েড
- (D) এঁদের কেউই নন

13. 'Rorschach Inkblot Test' is a device for measuring
- (A) aptitude
(B) intelligence
(C) personality
(D) None of the above
14. An individual who possesses the qualities of both introvert and extrovert personality is called as a/an
- (A) mesomorphic
(B) ambivert
(C) somatonic
(D) None of the above
15. A student of class VI makes error in mathematics. As a teacher you would
- (A) provide the student the correct answer
(B) ask the student to use alternative method or redo it to find out errors on his/her own
(C) show the student where the errors were made and ask the student to redo it
(D) None of the above
16. 'Operent conditioning' theory was advocated by
- (A) Skinner
(B) Pavlov
(C) Thorndike
(D) None of them

13. 'Rorschach Inkblot Test' হল একটি উপায় যার সাহায্যে পরিমাপ করা যায়
- (A) সম্ভাবনা
(B) বুদ্ধি
(C) ব্যক্তিত্ব
(D) উপরের কোনটিই নয়
14. একজন মানুষ যে অন্তর্মুখী এবং বহির্মুখী ব্যক্তিত্ব উভয়েরই বৈশিষ্ট্য ধারণ করে তাকে একজন _____ বলা হয়।
- (A) মেসোমর্ফিক
(B) উভয়মুখী
(C) সোমোটোনিক
(D) উপরের কোনটিই নয়
15. ষষ্ঠ শ্রেণীর একটি ছাত্র/ছাত্রী অঙ্কে ভুল করল। শিক্ষক হিসাবে তুমি
- (A) ছাত্র/ছাত্রীটিকে সঠিক উত্তরটি দেবে
(B) ছাত্র/ছাত্রীকে বিকল্প পদ্ধতি ব্যবহার করতে বলবে অথবা ভুল বার করার জন্য পুনরায় অঙ্কটি তাকে স্বয়ং করতে বলবে
(C) কোথায় ভুলগুলি হয়েছে তা ছাত্র/ছাত্রীটিকে দেখাবে এবং তাকে পুনরায় অঙ্কটি করতে বলবে
(D) উপরের কোনটিই নয়
16. 'Operent conditioning' তত্ত্বটি উদ্ভাবন করেন
- (A) স্কিনার
(B) প্যাভলভ
(C) থর্নডাইক
(D) এঁদের কেউই নন

17. The 'trial and error' theory of learning was advocated by

- (A) Kohlberg
- (B) Hull
- (C) Pavlov
- (D) None of them

18. The shortest period of all the developmental stages of an individual is

- (A) infancy
- (B) childhood
- (C) adolescence
- (D) None of the above

19. Remembering is aided by

- (A) negative transfer
- (B) fatigue
- (C) association
- (D) None of the above

20. Dyscalculia means

- (A) reading disorder
- (B) physical disorder
- (C) mental disorder
- (D) None of the above

17. শিখনের 'trial and error' তত্ত্বটি উদ্ভাবন করেন

- (A) কোহলবার্গ
- (B) হাল্
- (C) প্যাভলভ
- (D) এঁদের কেউই নন

18. একজন মানুষের সবগুলি বিকাশমূলক স্তরের মধ্যে সবচেয়ে সংক্ষিপ্ততম সময়কাল হল

- (A) শৈশবস্তর
- (B) বাল্যস্তর
- (C) যৌবনাগমের স্তর
- (D) উপরের কোনটিই নয়

19. স্মরণক্রিয়া সাহায্যপ্রাপ্ত হয় _____ দ্বারা।

- (A) ঋণাত্মক সঞ্চালনের
- (B) অবসাদের
- (C) অনুষঙ্গের
- (D) উপরের কোনটিই নয়

20. ডিসক্যালকুলিয়া বলতে বোঝায়

- (A) পঠনগত বিশৃঙ্খলতা
- (B) দৈহিক বিশৃঙ্খলতা
- (C) মানসিক বিশৃঙ্খলতা
- (D) উপরের কোনটিই নয়

21. Two children of the same age will have the same
- (A) intelligence quotient
(B) mental age
(C) emotional intelligence
(D) None of the above
22. In a class, a student always suffers from anxiety and depression. In this respect the teacher would
- (A) complain to the guardian
(B) leave him/her on his/her fortune
(C) send him/her to a counsellor
(D) None of the above
23. In a mixed class of boys and girls, which method would you adopt to improve co-operation between them?
- (A) Making boys and girls share a bench
(B) Setting tasks which have to be done together
(C) Talking about equality in lessons
(D) None of the above
24. Morpheme, phoneme, lexemes, syntax and context are the components of
- (A) personality
(B) sentiment
(C) language
(D) None of the above

21. একই বয়সের দুইটি শিশুর থাকবে একই
- (A) বুদ্ধি
(B) মানসিক বয়স
(C) প্রাক্ষেপিক বুদ্ধি
(D) উপরের কোনটিই নয়
22. একটি শ্রেণীতে একজন ছাত্র/ছাত্রী সবসময় উদ্বেগ এবং হতাশায় ভোগে। এক্ষেত্রে শিক্ষক
- (A) অভিভাবকের কাছে নালিশ করবে
(B) তাকে তার ভাগ্যের হাতে ছেড়ে দেবে
(C) তাকে একজন পরামর্শদাতার কাছে পাঠাবে
(D) উপরের কোনটিই নয়
23. ছেলে ও মেয়ে মিশ্রিত একটি শ্রেণীতে তুমি কি ধরনের পদ্ধতি গ্রহণ করবে তাদের মধ্যে সহযোগিতা বাড়ানোর জন্য?
- (A) ছেলে ও মেয়েদের একই বেঞ্চে বসার আয়োজন করা
(B) কাজ ঠিক করে দেওয়া যা তাদের একসাথে করতে হবে
(C) পাঠের মধ্যে সাম্য সম্পর্কে বলা
(D) উপরের কোনটিই নয়
24. মরফেম, ফোনেম, লেক্সিম, সিনট্যাক্স এবং কনটেক্স হল _____ উপাদান।
- (A) ব্যক্তিত্বের
(B) সেন্টিমেন্টের
(C) ভাষার
(D) উপরের কোনটিই নয়

25. Which need is on the top of the Maslow's hierarchy of needs?

- (A) Self-actualization need
- (B) Esteem need
- (C) Belongingness need
- (D) None of the above

26. During adolescence the behaviour of a person is influenced by

- (A) family
- (B) peer group
- (C) school
- (D) None of the above

27. Law of effect in learning was stated by

- (A) Pavlov
- (B) Skinner
- (C) Watson
- (D) None of them

25. Maslow-এর চাহিদার 'hierarchy'-এ কোন্ চাহিদা সবচেয়ে উপরে রয়েছে?

- (A) আত্মোপলব্ধির চাহিদা
- (B) আত্মসম্মানের চাহিদা
- (C) অন্তর্ভুক্তির চাহিদা
- (D) উপরের কোনটিই নয়

26. কৈশোরকালে একজন মানুষের আচরণ প্রভাবিত হয় _____ দ্বারা।

- (A) পরিবারের
- (B) সমবয়সী বন্ধুদের
- (C) বিদ্যালয়ের
- (D) উপরের কোনটিই নয়

27. শিখনে ফল লাভের সূত্র দিয়েছেন

- (A) প্যাভলভ
- (B) স্কিনার
- (C) ওয়াটসন
- (D) এঁদের কেউই নয়

28. In child-centred pedagogy, the teacher will

- (A) give preference to children's experiences and their voices
- (B) dictate the children what should be done
- (C) lead all the learning in the class-room
- (D) None of the above

29. The test that is used in identifying the mentally retarded children is called

- (A) personality test
- (B) attitude test
- (C) emotional intelligence test
- (D) None of the above

30. The ____ period is called as the period of storm and stresses.

- (A) childhood
- (B) adolescence
- (C) adulthood
- (D) None of the above

28. শিশু-কেন্দ্রিক শিক্ষণশৈলীতে একজন শিক্ষক

- (A) শিশুদের অভিজ্ঞতা এবং মতামতকে অগ্রাধিকার দেবেন
- (B) শিশুদের কি কি করা উচিত তা নির্দেশ দেবেন
- (C) শ্রেণীকক্ষে সমস্ত শিখন পরিচালনা করবেন
- (D) উপরের কোনটিই নয়

29. মানসিক প্রতিবন্ধী শিশুদের চিহ্নিতকরণের জন্য যে অভীক্ষা ব্যবহৃত হয়, তাকে বলা হয়

- (A) ব্যক্তিত্ব অভীক্ষা
- (B) মনোভাব অভীক্ষা
- (C) প্রাক্ষেপিক বুদ্ধি অভীক্ষা
- (D) উপরের কোনটিই নয়

30. ____ ঝড়-ঝঞ্ঝার কাল হিসাবে বলা হয়।

- (A) বাল্যকালকে
- (B) কৈশোরকালকে
- (C) প্রাপ্তবয়স্ক কালকে
- (D) উপরের কোনটিই নয়

PART—II : Language—I

ENGLISH

Directions : Read the passage given below and answer the questions (Q. Nos. 31 to 35) that follow by selecting the *correct options*.

Research has shown that the human mind can process words at the rate of about 500 per minute, where as a speaker speaks at the rate of about 150 words a minute. The difference between the two, at 350, is quite large. So a speaker must make every effort to retain the attention of the audience, and the listener should also be careful not to let his mind wander. Good communication calls for good listening skills. A good speaker must necessarily be a good listener.

Listening starts with hearing but goes beyond. Hearing, in other words, is necessary but is not a sufficient condition for listening. Listening involves hearing with attention. Listening is a process that calls for concentration. While listening, one should also be observant. In other words, listening has to do with the ears, as well as with the eyes and the mind. Listening is to be understood as the total process that involves hearing with attention, being observant and making interpretations. Listening skills are particularly relevant in oral communication, as well as non-verbal communication, audio-visual communication and other types of non-written communication. Good communication is essentially an interactive process. It calls for participation and involvement. It is quite often a dialogue rather than a monologue. It is necessary to be interested and also show or make it abundantly clear that one is interested in knowing what the other person has to say. The listener can and should help the speaker in establishing a wavelength through which communication traverses smoothly.

31. According to the passage, good communication is
 - (A) monologue
 - (B) hearing
 - (C) interactive
 - (D) None of the above
32. Which of the following is not appropriate as per the passage?
 - (A) Hearing is a process of the ears, eyes and the mind
 - (B) Listening is a total process of concentration
 - (C) Listening involves hearing with attention
 - (D) None of the above
33. Listening skills are most essential for
 - (A) oral communication
 - (B) written communication
 - (C) technical communication
 - (D) None of the above
34. The difference between the number of words the human mind can process and the number of words a speaker can speak in a minute is
 - (A) 350 words
 - (B) 500 words
 - (C) 150 words
 - (D) None of the above
35. Which of the following is the same as 'traverses' as used in the passage?
 - (A) Goes
 - (B) Reaches
 - (C) Runs
 - (D) None of the above

Directions : In Question Nos. 36 to 38, each sentence is underlined in three separate parts, which are labelled as (A), (B) and (C). Read each sentence to find out whether there is an error, in any underlined part. When you find an error in any one of the underlined parts (A), (B) or (C), indicate your response on the answer sheet at the appropriate space. You may find that there is no error in a sentence. In that case, letter (D) will signify 'No error' response.

36. A bouquet of yellow roses
(A)

lend colour and fragrance to the room.
(B) (C)

No error
(D)

- (A) A
(B) B
(C) C
(D) D

37. They often went fishing together.
(A) (B) (C)

No error
(D)

- (A) A
(B) B
(C) C
(D) D

38. Let us hire a taxi,
(A) (B)

I cannot hardly walk. No error
(C) (D)

- (A) A
(B) B
(C) C
(D) D

Directions : In Question Nos. 39 and 40, parts of each sentence have been jumbled up, which are labelled as P, Q, R and S. You are required to rearrange these parts to produce the correct and meaningful sentence. Choose the proper sequence and mark in your answer sheet accordingly.

39. scarcely touching along he glides
(P) (Q) (R)

the ground
(S)

- (A) PQRS
(B) RQPS
(C) RSQP
(D) None of the above

40. an interactive tool to
(P)
available via the World Wide Web
(Q)

a web search engine
(R)

help people locate information
(S)

- (A) RPSQ
(B) PSRQ
(C) RQSP
(D) None of the above

Directions : (Question Nos. 41 to 45) Answer the following questions by selecting the *correct option*.

41. We walked _____ the edge of the desert.
(A) up to
(B) until
(C) as far as
(D) None of the above
42. I _____ for London tomorrow.
(A) leave
(B) am leaving
(C) would leave
(D) None of the above
43. 'To smell a rat' means
(A) suspect foul dealings
(B) bad smell
(C) signs of plague
(D) None of the above
44. The synonym of the word 'churlish' is
(A) serene
(B) impolite
(C) childish
(D) None of the above
45. The antonym of the word 'turnish' is
(A) stain
(B) tart
(C) tender
(D) None of the above

Directions : Read the following poem carefully and answer the questions (Q. Nos. 46 to 50) by choosing the *correct alternative* given below.

She lives in a garret
Up a haunted stair,
And even when she's frightened
There's nobody to care.

She cooks so small a dinner
She dines on the smell,
And even if she's hungry
There's nobody to tell.

She sweeps her musty lodging
As the dawn steals near,
And even when she's crying
There's nobody to hear.

I haven't seen my neighbour
Since a long time ago,
And even if she's dead
There's nobody to know.

46. The line, 'She dines on the smell' means
(A) she eats very little
(B) her food is stale
(C) she dislikes the food
(D) None of the above

47. Who is 'she' in the poem?
- (A) A miserly woman
- (B) A woman who lives next door
- (C) A hungry woman
- (D) None of the above
48. The woman cooks a small dinner because
- (A) she has no food to cook
- (B) she is stingy
- (C) she dislikes food
- (D) None of the above
49. The attitude of the speaker is
- (A) indifferent
- (B) uncaring
- (C) sympathetic
- (D) None of the above
50. The woman described in the poem is
- (A) brave
- (B) helpless
- (C) stingy
- (D) None of the above

Directions : (Question Nos. 51 to 55) Answer the following questions by selecting the *correct option*.

51. The letter 'k' in the english word 'key' represents
- (A) a voiced bilabial plosive
- (B) a voiced velar plosive
- (C) a voiceless velar affricate
- (D) None of the above
52. In RP, there are ____ diphthongs.
- (A) twelve
- (B) eight
- (C) twenty
- (D) None of the above
53. The word 'examination' will be stressed on
- (A) second syllable
- (B) third syllable
- (C) fourth syllable
- (D) None of the above
54. The word 'school' can be transcribed as
- (A) / sku:l /
- (B) / skul /
- (C) / skʌl /
- (D) None of the above

55. A stretch of speech over which one tone extends is called

- (A) tone group
- (B) tonic syllable
- (C) pitch
- (D) None of the above

Directions : (Question Nos. 56 to 60) Answer the following questions by selecting the *correct option*.

56. Which of the following is a value associated with an inclusive classroom?

- (A) Sympathy
- (B) Collaboration
- (C) Competition
- (D) None of the above

57. Scribbling is a stage of

- (A) writing
- (B) reading
- (C) listening
- (D) None of the above

58. Which type of questions promotes thinking skills in children?

- (A) Factual questions
- (B) Closed-ended questions
- (C) Textual questions
- (D) None of the above

59. Which of the following is *not* a study skill?

- (A) Writing formal reports
- (B) Note taking
- (C) Using a dictionary
- (D) None of the above

60. Which of the following is the base of remedial teaching?

- (A) Textbook test
- (B) Aptitude test
- (C) Diagnostic test
- (D) None of the above

ভাগ—III : ভাষা—II

বাংলা

নির্দেশিকা : নিম্নলিখিত প্রশ্নগুলির সঠিক উত্তর নির্বাচন করে 61 নং থেকে 84 নং পর্যন্ত প্রশ্নের উত্তর দাও।

61. কৃষ্ণিবাস ওঝা জন্মগ্রহণ করেন

- (A) দোলপূর্ণিমার দিন
- (B) মহালয়ার দিন
- (C) শ্রীপঞ্চমীর দিন
- (D) উপরের কোনটিই নয়

62. কাশীরাম দাসের পৈতৃক উপাধি ছিল

- (A) মুখোপাধ্যায়
- (B) দেব
- (C) চক্রবর্তী
- (D) উপরের কোনটিই নয়

63. বাংলা ভাষায় প্রথম দৈনিক পত্রিকাটির নাম হল

- (A) 'বঙ্গদর্শন'
- (B) 'সংবাদ প্রভাকর'
- (C) 'সমাচার দর্পণ'
- (D) উপরের কোনটিই নয়

64. 'মহাপৃথিবী'-র কবি হলেন

- (A) জীবনানন্দ দাশ
- (B) কাজী নজরুল ইসলাম
- (C) সুকান্ত ভট্টাচার্য
- (D) এঁদের কেউই নয়

65. বঙ্কিমচন্দ্র রচিত উপন্যাসের সংখ্যা হল

- (A) ২৪টি
- (B) ১২টি
- (C) ১৬টি
- (D) উপরের কোনটিই নয়

66. 'পথে প্রবাসে' কী ধরনের রচনা?

- (A) উপন্যাস
- (B) প্রবন্ধ গ্রন্থ
- (C) ভ্রমণ কাহিনি
- (D) উপরের কোনটিই নয়

67. লীলা মজুমদারের প্রথম প্রকাশিত গল্পের নাম হল

- (A) 'লক্ষ্মীছাড়া'
- (B) 'সর্বনেশে মাদুলি'
- (C) 'পাঠশালা'
- (D) উপরের কোনটিই নয়

68. 'পরশুরাম' কার ছদ্মনাম?

- (A) বুদ্ধদেব বসুর
- (B) রাজশেখর বসুর
- (C) সুনির্মল বসুর
- (D) এঁদের কেউই নয়

69. রবীন্দ্রনাথ ঠাকুরের 'গীতাঞ্জলি' কাব্যগ্রন্থের প্রকাশকাল হল
- (A) ১৯১৩ সাল
(B) ১৯১২ সাল
(C) ১৯১০ সাল
(D) উপরের কোনটিই নয়
70. 'অপু' ও 'দুর্গা' চরিত্র দুটির উল্লেখ রয়েছে
- (A) 'আরণ্যক' উপন্যাসে
(B) 'দুই বাড়ী' উপন্যাসে
(C) 'অপরাজিত' উপন্যাসে
(D) উপরের কোনটিই নয়
71. বিদ্যাসাগর, ঈশ্বর গুপ্ত ও মধুসূদন—এই তিনজনের আবির্ভাব ক্রম হল
- (A) ঈশ্বর গুপ্ত, মধুসূদন, বিদ্যাসাগর
(B) মধুসূদন, ঈশ্বর গুপ্ত, বিদ্যাসাগর
(C) ঈশ্বর গুপ্ত, বিদ্যাসাগর, মধুসূদন
(D) উপরের কোনটিই নয়
72. 'সাজাহান' নাটকটি রচনা করেন
- (A) দ্বিজেন্দ্রলাল রায়
(B) বলাইচাঁদ মুখোপাধ্যায়
(C) মধুসূদন দত্ত
(D) এঁদের কেউই নন
73. ভাষাসম্প্রদায়ের অঞ্চল বিশেষ প্রচলিত ভাষাছাঁদকে বলে
- (A) নিভাষা
(B) সাধুভাষা
(C) উপভাষা
(D) উপরের কোনটিই নয়
74. অলাবু > লাউ — এই ধ্বনি পরিবর্তনের সূত্রটি হল
- (A) সংকোচন
(B) অন্ত্যস্বরলোপ
(C) অভিশ্রুতি
(D) উপরের কোনটিই নয়
75. ধ্বনিতাত্ত্বিক পরিবর্তনে সমীভবনের বিপরীত ব্যাপার হল
- (A) বিপর্যয়
(B) বিষমীভবন
(C) সমাক্ষরলোপ
(D) উপরের কোনটিই নয়
76. লিঙ্গ ভেদ-প্রতীতি ঘটায়
- (A) প্রত্যয়
(B) অনুসর্গ
(C) বিভক্তি
(D) উপরের কোনটিই নয়

77. নিচের কোন্ শব্দটি শুদ্ধ?

- (A) মহত্ত
- (B) মহত্ব
- (C) মহত্ত্ব
- (D) উপরের কোনটিই নয়

78. 'পীযুষ' শব্দের সমার্থক শব্দ হল

- (A) অঙ্গ
- (B) আনন্দ
- (C) চাঁদ
- (D) উপরের কোনটিই নয়

79. 'হাওয়া' ও 'লাল'— শব্দ দুটি হল

- (A) আরবি
- (B) দেশি
- (C) তৎসম
- (D) উপরের কোনটিই নয়

80. কেবল নাম = নামমাত্র — ব্যাসবাক্যসহ এই সমাসটি হল

- (A) দ্বন্দ্ব
- (B) বহুব্রীহি
- (C) নิต্যসমাস
- (D) উপরের কোনটিই নয়

81. 'উপসর্গ' ব্যবহারে অর্থের কোন পরিবর্তন হয় না।

- (A) সঠিক
- (B) সঠিক নয়
- (C) আংশিক সঠিক
- (D) উপরের কোনটিই নয়

82. ছাত্ররা সবচেয়ে বেশি পছন্দ করে সেই শিক্ষককে যিনি

- (A) ছাত্রদের কথামত চলেন
- (B) যখন তখন ছুটি দিয়ে দেন
- (C) ভালো গল্প বলতে পারেন
- (D) উপরের কোনটিই নয়

83. ভাষা শুদ্ধভাবে শিক্ষার জন্য সবচেয়ে বেশি গুরুত্বপূর্ণ বিষয় হল

- (A) সঠিক ধ্বনি উচ্চারণ
- (B) মনোযোগ সহকারে শ্রবণ
- (C) কথন
- (D) উপরের কোনটিই নয়

84. আদর্শ প্রশ্নপত্রের লক্ষ্য হল

- (A) মেধাবী ছাত্র / ছাত্রীদের মূল্যায়ন
- (B) পিছিয়ে পড়া ছাত্র / ছাত্রীদের মূল্যায়ন
- (C) ছাত্রীদের মূল্যায়ন
- (D) উপরের কোনটিই নয়

নিদেশিকা : নিম্নলিখিত গদ্যাংশটি পড়ে 85 নং থেকে 90 নং পর্যন্ত প্রশ্নের উত্তর দাও।

“জ্ঞানের ভাণ্ডার যে ধনের ভাণ্ডার নয়, এ সত্য তো প্রত্যক্ষ : কিন্তু সমান প্রত্যক্ষ না হলেও এও সমান সত্য যে এ যুগে যে জাতির জ্ঞানের ভাণ্ডার শূন্য, সে জাতির ধনের ভাণ্ডেও ভবানী। তারপর যে জাতি মনে বড়ো নয়, সে জাতি জ্ঞানেও বড়ো নয় : কেননা ধনের সৃষ্টি যেমন জ্ঞান সাপেক্ষ, তেমনি জ্ঞানের সৃষ্টিও মন সাপেক্ষ। এবং মানুষের মনকে সবল সচল সরাগ ও সমৃদ্ধ করবার ভার আজকের দিনে সাহিত্যের উপর ন্যস্ত হয়েছে। কেননা মানুষের দর্শন-বিজ্ঞান ধর্ম-নীতি অনুরাগ-বিরাগ আশা-নৈরাশ্য তার অন্তরের স্বপ্ন ও সত্য এই সকলের সমবায় সাহিত্যের জন্ম। অপরাপর শাস্ত্রের ভিতর যা আছে, সে-সব হচ্ছে মানুষের মনের ভগ্নাংশ; তার পুরো মনটার সাক্ষাৎ পাওয়া যায় শুধু সাহিত্যে।”

85. জ্ঞানের সৃষ্টি হল

- (A) ধন সাপেক্ষ
- (B) মন সাপেক্ষ
- (C) সৃষ্টি সাপেক্ষ
- (D) উপরের কোনটিই নয়

86. ‘ভাণ্ডেও ভবানী’— বাক্যাংশটির বিপরীতার্থক শব্দ হল

- (A) পূর্ণ
- (B) শূন্য
- (C) দেবতার অবস্থান
- (D) উপরের কোনটিই নয়

87. ‘নৈরাশ্য’ শব্দের পদান্তর হবে

- (A) নিরাশা
- (B) নিরাশ
- (C) নৈরাশ্যতা
- (D) উপরের কোনটিই নয়

88. ‘মনগঙ্গা’ শব্দটির ব্যাসবাক্য হবে

- (A) মনের গঙ্গা
- (B) মন যে গঙ্গা
- (C) মন রূপ গঙ্গা
- (D) উপরের কোনটিই নয়

89. “পুরো মনটার সাক্ষাৎ পাওয়া যায় সাহিত্যে”— নিচে রেখাঙ্কিত পদটির কারক ও বিভক্তি হল

- (A) কর্মকারকে ‘এ’ বিভক্তি
- (B) কর্তৃকারকে ‘এ’ বিভক্তি
- (C) অধিকরণ কারকে ‘তে’ বিভক্তি
- (D) উপরের কোনটিই নয়

90. ‘প্রত্যক্ষ’ শব্দটির সন্ধি বিচ্ছেদ করলে হবে

- (A) প্রতি + অক্ষ
- (B) প্রত্য + অক্ষ
- (C) পরি + অক্ষ
- (D) উপরের কোনটিই নয়

Candidates have to answer Question Nos. 91 to 150 either from Part—IV (Mathematics and Science) or from Part—V (Social Studies).

পরীক্ষার্থীদের প্রশ্ন সংখ্যা 91 থেকে 150 উত্তর করতে হবে হয় ভাগ—IV (গণিত এবং বিজ্ঞান) থেকে অথবা ভাগ—V (সমাজবিদ্যা) থেকে।

PART—IV / ভাগ—IV

MATHEMATICS AND SCIENCE / গণিত ও বিজ্ঞান

Directions : Answer the following questions by selecting the *correct option*.

91. If the square root of a number is between 6 and 7, then its cube root lies between

- (A) 2 and 3
- (B) 2.5 and 3
- (C) 3 and 4
- (D) None of the above

92. The unit's digit in the expression $(11^1 + 12^2 + 13^3 + 14^4 + 15^5 + 16^6)$ is

- (A) 9
- (B) 0
- (C) 1
- (D) None of the above

93. If $2^x = 4^y = 8^z$ and $xyz = 288$, then

$$\frac{1}{2x} + \frac{1}{4y} + \frac{1}{8z} \text{ equals}$$

- (A) $\frac{11}{8}$
- (B) $\frac{11}{24}$
- (C) $\frac{11}{48}$
- (D) None of the above

নির্দেশিকা : সঠিক উত্তর নির্বাচন করে নিচের প্রশ্নগুলির উত্তর দাও।

91. একটি সংখ্যার বর্গমূল 6 এবং 7-এর মধ্যবর্তী হলে, এর ঘনমূল যাদের মধ্যবর্তী হবে তা হল

- (A) 2 এবং 3
- (B) 2.5 এবং 3
- (C) 3 এবং 4
- (D) উপরের কোনটিই নয়

92. $(11^1 + 12^2 + 13^3 + 14^4 + 15^5 + 16^6)$ রাশিটির এককের অঙ্কটি হবে


- (A) 9
- (B) 0
- (C) 1
- (D) উপরের কোনটিই নয়

93. যদি $2^x = 4^y = 8^z$ এবং $xyz = 288$ হয়, তবে

$$\frac{1}{2x} + \frac{1}{4y} + \frac{1}{8z} \text{ এর মান সমান হবে}$$

- (A) $\frac{11}{8}$
- (B) $\frac{11}{24}$
- (C) $\frac{11}{48}$
- (D) উপরের কোনটিই নয়


94. To construct a parallelogram, the minimum number of measurements required is
 (A) 2
 (B) 3
 (C) 4
 (D) None of the above
95. In the given figure below, PTU is a straight line :



What is the value of x ?

- (A) 110°
 (B) 100°
 (C) 120°
 (D) None of the above
96. If $2A = 3B = 4C$, then $A : B : C$ is
 (A) $6 : 4 : 3$
 (B) $2 : 3 : 4$
 (C) $3 : 4 : 2$
 (D) None of the above
97. If 50% of $(a - b) = 30\%$ of $(a + b)$, then what percent of a is b ?
 (A) $33\frac{1}{3}\%$
 (B) 40%
 (C) 25%
 (D) None of the above

94. একটি সামান্তরিক গঠন করার জন্য প্রয়োজনীয় পরিমাপের সর্বনিম্ন সংখ্যা হল
 (A) 2
 (B) 3
 (C) 4
 (D) উপরের কোনটিই নয়
95. নিচে প্রদত্ত চিত্রে, PTU একটি সরলরেখা।



x -এর মান কত?

- (A) 110°
 (B) 100°
 (C) 120°
 (D) উপরের কোনটিই নয়
96. যদি $2A = 3B = 4C$ হয়, তবে $A : B : C$ হবে
 (A) $6 : 4 : 3$
 (B) $2 : 3 : 4$
 (C) $3 : 4 : 2$
 (D) উপরের কোনটিই নয়
97. যদি $(a - b)$ -এর $50\% = (a + b)$ -এর 30% হয়, তবে a এর শতকরা কত ভাগ b ?
 (A) $33\frac{1}{3}\%$
 (B) 40%
 (C) 25%
 (D) উপরের কোনটিই নয়

98. If

$$\begin{array}{r} 1\ A \\ \times A \\ \hline B\ 6 \end{array}$$

where A and B are single digit numbers, such that $B - A = 3$, then the values of A and B are respectively

- (A) 6, 9
(B) 4, 5
(C) 5, 4
(D) None of the above

99. A photograph of a bacteria enlarged 50000 times, attains a length of 5 cm. What is the actual length of the bacteria?

- (A) 2×10^{-4} cm
(B) 10^{-4} cm
(C) 10^{-3} cm
(D) None of the above

100. If the circumference of a circle is 44 cm, then its diameter is

- (A) 7 cm
(B) 28 cm
(C) 10 cm
(D) None of the above

101. A book was sold for Rs. 27.50 with a profit of 10%. If it were sold for Rs. 25.75, then what would have been percentage of profit or loss?

- (A) Loss, 2%
(B) Profit, 2%
(C) Profit, 3%
(D) None of the above

98. যদি

$$\begin{array}{r} 1\ A \\ \times A \\ \hline B\ 6 \end{array}$$

যেখানে A এবং B এক-অঙ্ক বিশিষ্ট এরূপ সংখ্যা যে $B - A = 3$ হয়, তবে A এবং B -এর মান হল যথাক্রমে

- (A) 6, 9
(B) 4, 5
(C) 5, 4
(D) উপরের কোনটিই নয়

99. একটি ব্যাকটেরিয়ার আলোকচিত্রকে 50000 গুণ বর্ধিত করায় ওর দৈর্ঘ্য 5 সেমি হল। ব্যাকটেরিয়ার প্রকৃত দৈর্ঘ্য কত?

- (A) 2×10^{-4} সেমি
(B) 10^{-4} সেমি
(C) 10^{-3} সেমি
(D) উপরের কোনটিই নয়

100. যদি কোন বৃত্তের পরিসীমা 44 সেমি. হয়, তবে তার ব্যাসের দৈর্ঘ্য হবে

- (A) 7 সেমি
(B) 28 সেমি
(C) 10 সেমি
(D) উপরের কোনটিই নয়

101. একটি বই 27.50 টাকায় বিক্রি করায় 10% লাভ হয়। যদি এটি 25.75 টাকায় বিক্রি করা হত, তাহলে লাভ বা ক্ষতি শতকরা কি হত?

- (A) ক্ষতি, 2%
(B) লাভ, 2%
(C) লাভ, 3%
(D) উপরের কোনটিই নয়

102. Find the value of

$$\sqrt{10 + \sqrt{25 + \sqrt{108 + \sqrt{154 + \sqrt{225}}}}} + \left(\sqrt{\frac{225}{729}} - \sqrt{\frac{25}{144}} \right) \div \sqrt{\frac{16}{81}}$$

- (A) $\frac{69}{16}$
 (B) $\frac{54}{7}$
 (C) $\frac{108}{13}$
 (D) None of the above

103. What is the empirical relationship between the Mean, Median and Mode in frequency distribution?

- (A) $\text{Mode} = 2 \times \text{Median} + 3 \times \text{Mean}$
 (B) $\text{Mode} = 3 \times \text{Median} - 2 \times \text{Mean}$
 (C) $\text{Mode} = 2 \times \text{Mean} - 3 \times \text{Median}$
 (D) None of the above

104. If $x + \frac{1}{x} = \sqrt{3}$, then the value of $x^3 + \frac{1}{x^3}$ is

- (A) $3\sqrt{3}$
 (B) $\sqrt{3}$
 (C) $4\sqrt{3}$
 (D) None of the above

102. মান নির্ণয় কর

$$\sqrt{10 + \sqrt{25 + \sqrt{108 + \sqrt{154 + \sqrt{225}}}}} + \left(\sqrt{\frac{225}{729}} - \sqrt{\frac{25}{144}} \right) \div \sqrt{\frac{16}{81}}$$

- (A) $\frac{69}{16}$
 (B) $\frac{54}{7}$
 (C) $\frac{108}{13}$
 (D) উপরের কোনটিই নয়

103. পরিসংখ্যা বিভাজনের ক্ষেত্রে গড়, মধ্যমা ও সংখ্যাগুরুমান-এর মধ্যে পরীক্ষামূলক সম্পর্ক কোনটি?

- (A) $\text{সংখ্যাগুরুমান} = 2 \times \text{মধ্যমা} + 3 \times \text{গড়}$
 (B) $\text{সংখ্যাগুরুমান} = 3 \times \text{মধ্যমা} - 2 \times \text{গড়}$
 (C) $\text{সংখ্যাগুরুমান} = 2 \times \text{গড়} - 3 \times \text{মধ্যমা}$
 (D) উপরের কোনটিই নয়

104. যদি $x + \frac{1}{x} = \sqrt{3}$ হয়, তবে $x^3 + \frac{1}{x^3}$ এর মান হবে

- (A) $3\sqrt{3}$
 (B) $\sqrt{3}$
 (C) $4\sqrt{3}$
 (D) উপরের কোনটিই নয়

105. How many numbers of the line of symmetry are there of a written A4 size paper?

- (A) 0
- (B) 2
- (C) 4
- (D) None of the above

106. If each side of a cube is 6 cm, then its volume is

- (A) 261 cm^3
- (B) 36 cm^3
- (C) 512 cm^3
- (D) None of the above

107. One of the factors of $2a^2 - 3a + 1$ is

- (A) $a + 1$
- (B) $2a + 1$
- (C) $a - 1$
- (D) None of the above

108. If a man covers 516 meters in 6 minutes, then his speed in km/hr is

- (A) 5.61
- (B) 5.16
- (C) 56.1
- (D) None of the above

105. একটি A4 মাপের লিখিত কাগজে প্রতিসম রেখার সংখ্যা কয়টি?

- (A) 0
- (B) 2
- (C) 4
- (D) উপরের কোনটিই নয়

106. যদি কোন ঘনকের প্রতিটি বাহুর দৈর্ঘ্য 6 সেমি হয়, তবে তার আয়তন হবে

- (A) 261 ঘন সেমি
- (B) 36 ঘন সেমি
- (C) 512 ঘন সেমি
- (D) উপরের কোনটিই নয়

107. $2a^2 - 3a + 1$ -এর একটি উৎপাদক হল

- (A) $a + 1$
- (B) $2a + 1$
- (C) $a - 1$
- (D) উপরের কোনটিই নয়


108. যদি একজন লোক 6 মিনিটে 516 মিটার অতিক্রম করে, তবে তার গতি কিমি/ঘন্টায় হবে

- (A) 5.61
- (B) 5.16
- (C) 56.1
- (D) উপরের কোনটিই নয়

109. If $\frac{x}{y} + \frac{y}{x} = 5$, then the value of $\frac{x^2}{y^2} + \frac{y^2}{x^2}$ is

- (A) 23
- (B) 25
- (C) 26
- (D) None of the above

110. The missing number for the given patterns of number



is

- (A) 16
- (B) 10
- (C) 17
- (D) None of the above

111. If the lengths of diagonals of a rhombus are 4 cm and 5 cm, then its area is

- (A) 40 cm^2
- (B) 18 cm^2
- (C) 10 cm^2
- (D) None of the above

112. If $a = 5 + 2\sqrt{6}$, then the value of


$$\left(\sqrt{a} - \frac{1}{\sqrt{a}} \right) \text{ is}$$

- (A) $3\sqrt{3}$
- (B) $2\sqrt{2}$
- (C) $2\sqrt{3}$
- (D) None of the above

109. যদি $\frac{x}{y} + \frac{y}{x} = 5$ হয়, তবে $\frac{x^2}{y^2} + \frac{y^2}{x^2}$ -এর মান হবে

- (A) 23
- (B) 25
- (C) 26
- (D) উপরের কোনটিই নয়

110. নিচে প্রদত্ত সংখ্যার নমুনায় লুপ্ত সংখ্যাটি হবে



- (A) 16
- (B) 10
- (C) 17
- (D) উপরের কোনটিই নয়

111. যদি একটি রম্বসের কর্ণদ্বয়ের দৈর্ঘ্য 4 সেমি ও 5 সেমি হয়, তবে এর ক্ষেত্রফল হবে

- (A) 40 বর্গ সেমি
- (B) 18 বর্গ সেমি
- (C) 10 বর্গ সেমি
- (D) উপরের কোনটিই নয়

112. যদি $a = 5 + 2\sqrt{6}$ হয়, তবে $\left(\sqrt{a} - \frac{1}{\sqrt{a}} \right)$ -এর

মান হবে

- (A) $3\sqrt{3}$
- (B) $2\sqrt{2}$
- (C) $2\sqrt{3}$
- (D) উপরের কোনটিই নয়

113. $\left(25y^2 + xy + \frac{x^2}{100}\right)$ sq. units refer to an area of a geometric field which is

- (A) triangle
- (B) square
- (C) rectangle
- (D) None of the above

114. If $x = 0.5$ and $y = 0.2$, then the value of $\sqrt{0.6} \times (3y)^x$ is

- (A) 0.6
- (B) 1
- (C) 1.3
- (D) None of the above

115. Mathematics should be learned

- (A) learning by doing
- (B) book-oriented
- (C) memory-based
- (D) None of the above

116. Research was done on the contribution of mathematics in arts, especially in music by

- (A) Hogben
- (B) Roger Bacon
- (C) David Brikhoff
- (D) None of them

113. $\left(25y^2 + xy + \frac{x^2}{100}\right)$ বর্গ একক যে জ্যামিতিক ক্ষেত্রের ক্ষেত্রফল বোঝায় তা হল

- (A) ত্রিভুজ
- (B) বর্গক্ষেত্র
- (C) আয়তক্ষেত্র
- (D) উপরের কোনটিই নয়

114. যদি $x = 0.5$ এবং $y = 0.2$ হয়, তবে $\sqrt{0.6} \times (3y)^x$ -এর মান হবে

- (A) 0.6
- (B) 1
- (C) 1.3
- (D) উপরের কোনটিই নয়

115. গণিত শিক্ষা হওয়া উচিত

- (A) হাতে কলমে
- (B) পুস্তকভিত্তিক
- (C) মুখস্থভিত্তিক
- (D) উপরের কোনটিই নয়

116. চারুকলায় বিশেষ করে সংগীতে গণিতের অবদান সম্পর্কে গবেষণা করেন

- (A) হগবেন
- (B) রজার বেকন
- (C) ডেভিড ব্রিকহফ
- (D) এঁদের কেউই নন

117. "Mathematics is the mirror of civilization"—this statement corresponds to which value of mathematics?

- (A) Political
- (B) Disciplinary
- (C) Cultural
- (D) None of the above

118. The importance of mathematics at primary level is

- (A) cultural
- (B) practical
- (C) moral
- (D) None of the above

119. The full form of MKO is

- (A) Mental Knowledge Operation
- (B) More Knowledgeable Others
- (C) More Kind Others
- (D) None of the above

120. The father of logicism is

- (A) Russel
- (B) Hilbert
- (C) Bruner
- (D) None of them

117. "গণিত হল সভ্যতার দর্পণ"— এই উক্তিটি গণিতের কোন্ মূল্যের (value) সঙ্গে সঙ্গতিপূর্ণ?

- (A) রাজনৈতিক
- (B) শৃঙ্খলাগত
- (C) সাংস্কৃতিক
- (D) উপরের কোনটিই নয়

118. প্রাথমিক স্তরে গণিতের গুরুত্ব হল

- (A) সাংস্কৃতিক
- (B) বাস্তবিক
- (C) নৈতিক
- (D) উপরের কোনটিই নয়

119. MKO-এর সম্পূর্ণ রূপটি হল

- (A) Mental Knowledge Operation
- (B) More Knowledgeable Others
- (C) More Kind Others
- (D) উপরের কোনটিই নয়

120. যুক্তিবাদের জনক হলেন

- (A) রাসেল
- (B) হিলবার্ট
- (C) ব্রুনার
- (D) এঁদের কেউই নয়

121. We can get the quantitative idea of force from

- (A) Einstein's law
- (B) Newton's 1st law
- (C) Newton's 2nd law
- (D) Newton's 3rd law

122. For radiation of heat

- (A) solid medium is required
- (B) liquid medium is required
- (C) gaseous medium is required
- (D) no medium is required

123. The scale of temperature not associated with any person is

- (A) Fahrenheit
- (B) Celsius
- (C) Kelvin
- (D) Centigrade

124. Speed of the sound of the lightning depends upon

- (A) potentiality of the lightning
- (B) speed of the wind
- (C) potentiality of the audience
- (D) All of the above

121. বলের পরিমাণগত ধারণা আমরা পাই

- (A) আইনস্টাইনের সূত্র থেকে
- (B) নিউটনের প্রথম সূত্র থেকে
- (C) নিউটনের দ্বিতীয় সূত্র থেকে
- (D) নিউটনের তৃতীয় সূত্র থেকে

122. তাপের বিকিরণের জন্য

- (A) কঠিন মাধ্যমের প্রয়োজন হয়
- (B) তরল মাধ্যমের প্রয়োজন হয়
- (C) গ্যাসীয় মাধ্যমের প্রয়োজন হয়
- (D) কোন মাধ্যমেরই প্রয়োজন হয় না

123. ব্যক্তি-সম্পর্কিত নয়, তাপমাত্রার এমন স্কেলটি হল

- (A) ফারেনহাইট
- (B) সেলসিয়াস
- (C) কেলভিন
- (D) সেন্টিগ্রেড

124. আকাশের বিদ্যুৎ-চমকের শব্দের গতিবেগ নির্ভর করে

